বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪

ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: bfdc_64@yahoo.com ফ্যাক্স: ০২-৯১৪২৪৮৮

বাঃ মঃ উঃ কঃ

পত্র নং (ক্রয়)ঃ ৩৩.০৩.০০০০.১০৪.০১.০১৩.১৮/০৫/১(১৩)

তারিখঃ ১০-০৫-২০১৮ খ্রিঃ।

আল্লার দান মৎস্য আড়ৎ
এর মালিক জনাব মোঃ বোরহান উদ্দীন (বাবু)
পিতাঃ মৃতঃ নাছির উদ্দিন
মাতাঃ মৃতঃ সমিরন নেছা
বাসা/হোল্ডিংঃ ২১৩/৩/এ দক্ষিণ যাত্রাবাড়ী
ডাকঘরঃ ফরিদাবাদ-১২০৪, যাত্রাবাড়ী, ঢাকা
মোবঃ ০১৯৩৮-৫১১৫১৬।

উপ-সচিব	
পি,আর,ও	
সহকারী সচিব	
পি, এ,	
সচিব	
তারিখ	১৩/৫/১৮

বিষয়ঃ বরাদ্দকৃত ০৮ (আট) টি গদিঘরের চুক্তিনামা সম্পাদনের চুড়ান্ত নোটিশ।

সূত্র ঃ ১। আপনার ১৬-০২-২০১৭ খ্রিঃ তারিখের দাখিলকৃত দরপত্র।
২। বরাদ্দাদেশ ও ১ম নোটিশ পত্র নং ২১২ তারিখঃ ০৫-১০-২০১৭ খ্রিঃ।
৩। চুক্তিনামা সম্পাদনের জন্য দেয়া ২য় নোটিশ পত্র নং ৪১৮ তারিখঃ ১০-০৪-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের মালিকানাধীন যাত্রাবাড়ীস্থ **''ঢাকা মহানগর আধুনিক মৎস্য বিপণন সুবিধাদি কেন্দ্রের''** আড়ৎ ও গদিঘর ভবনের গদিঘর নং ১৯,২০,২১,২২,২৩,২৪,২৫ ও ২৬ সহ মোট ০৮ (আট)টি গদিঘর সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে বরাদ্দাদেশ প্রদান পূর্বক ০৭ (সাত) দিবসের মধ্যে চুক্তিনামা সম্পাদন করতে বলা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে আপনি চুক্তিনামা সম্পাদন না করায় পরবর্তীতে আপনাকে ব্যক্তিগতভাবে সেলফোনে ও টেলিফোনে যোগাযোগ করে চুক্তিনামা সম্পাদন করতে বলা হয়। তার পরেও চুক্তিনামা সম্পাদন না করায় ৩ নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে ২য় বার চুক্তিনামা সম্পাদন করতে নোটিশ প্রদান করা হয়। কিন্তু আপনি এখনও পর্যন্ত চুক্তিনামা সম্পাদন করেন নাই।

এমতাবস্থায়, অত্র নোটিশ জারির আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে আপনাকে বামউক এর সচিব মহোদয়ের সাথে চুক্তিনামা সম্পাদনের জন্য চুড়ান্তভাবে বলা যাচ্ছে। উক্ত সময়ের মধ্যে আপনি চুক্তিনামা সম্পাদনে ব্যর্থ হলে বরাদ্দাদেশের শর্তানুযায়ী আপনার নামে বরাদ্দকৃত ০৮ (আট)টি গদিঘরের বরাদ্দাদেশ বাতিল করে আপনার জমাকৃত নিরাপত্তা জামানতের ১০% অর্থ বামউক এর অনুকুলে বাজেয়াপ্ত করা হবে।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ী অত্র চুড়ান্ত নোটিশ জারি করা হলো।

(এ.কে.এম. নূর মোহাম্মদ)
ব্যবস্থাপক (ক্রয়) ও ব্যবস্থাপক (যাত্রাবাড়ী কেন্দ্র)
বামউক, ঢাকা।

বিতরণ - (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। পরিচালক (ক্রয় ও বিপণন/অর্থ), বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২। সচিব, বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বর্ণিত **"চুড়ান্ত নোটিশ"** খানা বামউক এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৩। ব্যবস্থাপক, বাস্তবায়ন/পরিকল্পনা/বিপণন বিভাগ, বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৪। নিয়ন্ত্রক, অর্থ/অডিট/হিসাব বিভাগ, বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৫। ব্যবস্থাপক, "ঢাকা মহানগর আধুনিক মৎস্য বিপণন সুবিধাদি কেন্দ্র" বামউক, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪।
৬। জনাব মোঃ নুরুল ইসলাম, মার্কেটিং অফিসার (অঃ দাঃ), বামউক, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪।